**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 24.04.25** **Desk in Charge: SDG**
**Time : 7-50 PM** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ পহেলগাঁও-এ জঙ্গী হানাকে 'ভারতের অন্তরাত্মার ওপর আঘাত' বলে মন্তব্য করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারত প্রত্যেক সন্ত্রাসবাদী এবং সন্ত্রাসবাদে মদতদাতাদের খুঁজে বার করে শাস্তি দেবে।

২/ প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং-এর পৌরহিত্যে পহেলগাঁও-এ জঙ্গী হামলা নিয়ে সরকারের ডাকা সর্বদলীয় বৈঠক সংসদ ভবনে এখনো চলছে।
# পহেলগাঁও-এ জঙ্গী হামলায় নিহত পুরুলিয়ার ঝালদার বাসিন্দা মনীশ রঞ্জন মিশ্রের শেষকৃত্য আজ সম্পন্ন হয়েছে।
# কাশ্মীরে সুপরিকল্পিতভাবে হিন্দু নিধন করা হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে।

৩/ কাশ্মীরের উধমপুরে জঙ্গিদের সঙ্গে গুলির লড়াইয়ে শহীদ হয়েছেন, এরাজ্যের সেনা জওয়ান ঝন্টু আলি শেখ।

৪/ আজ জাতীয় পঞ্চায়েতিরাজ দিবস, দেশ জুড়ে পালিত হচ্ছে।

৫/ আগামী দোসরা মে এবছর মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হবে।
৬/ তীব্র গরমে কাজ করতে গিয়ে শ্রমিকরা যাতে অসুস্থ হয়ে না পড়ে, সে জন্য বিশেষ ব্যবস্থা নিচ্ছে রাজ্য সরকার। # শুষ্ক বায়ু প্রভাবে দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় তাপপ্রবাহ চলছে।

৭/ মহামেডান স্পোর্টিং, সুপার কাপ থেকে বিদায় নিয়েছে।

*******************************************************************

পেহেলগাঁও জঙ্গি হামলা নিয়ে সরকারের ডাকা সর্বদলীয় বৈঠক চলছে। সংসদ ভবন চত্বরে এই বৈঠক ঘন্টাখানেক আগে শুরু হয়। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বৈঠকে পৌরহিত্য করছেন। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর, অর্থমন্ত্রী নির্মলা সীতারামন, বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা বৈঠকে যোগ দিয়েছেন। উপস্থিত আছেন বরিষ্ঠ কংগ্রেস নেতা রাহুল গান্ধী এবং মল্লিকার্জুন খাড়গে, সংসদ বিষয়ক মন্ত্রী কীরেন রিজিজু, ডি এম কের তিরুচি শিবা, এনসিপি নেতা প্রফুল প্যাটেল, এনসিপি- এস পি-র সুপ্রিয়া সুলে, সমাজবাদী পার্টির রাম গোপাল যাদব, আম আদমী পার্টির সঞ্জয় সিং, আর জে ডির প্রেম চাঁদ গুপ্তা, YSRCPর পি ভি মিথুন রেড্ডি এবং তৃণমূল কংগ্রেসের সুদীপ বন্দ্যোপাধ্যায়।

****************************

কাশ্মীরে সুপরিকল্পিতভাবে হিন্দু নিধন করা হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা **শুভেন্দু অধিকারী** আজ দক্ষিণ কলকাতার বৈষ্ণবঘাটায় হামলায় নিহত বিতান অধিকারির বাড়ির বাইরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, পর্যটকরা হিন্দু ছিলেন বলে তাদের এইভাবে হত্যা করা হয়েছে। কাশ্মীরের ঘটনায় মুখ্যমন্ত্রী সেনার ভূমিকা নিয়ে যে প্রশ্ন তুলেছেন, সে প্রসঙ্গে বিরোধী দলনেতা বলেন, মমতা ব্যানার্জি কাঁচের ঘরে বসে আন্দাজে ঢিল ছুঁড়ছেন। কাশ্মীরের ঘটনায় কোনো গাফিলতি থাকলে তা তদন্ত করা হবে। মুর্শিদাবাদে দুজনকে হত্যার সময় পুলিশ সেখানে কেন উপস্থিত ছিল না, শ্রী অধিকারী পাল্টা সে প্রশ্ন তুলেছেন। শুভেন্দুবাবু আজ মৃত বিতানের স্ত্রীর সঙ্গে কথা বলে প্রয়োজনীয় সবরকমের সহযোগিতার আশ্বাস দেন।

( বাইট- শুভেন্দু )

এর আগে বিধানসভার বাইরে এক সাংবাদিক বৈঠকে শুভেন্দুবাবু বলেন, মুর্শিদাবাদে হিন্দুদের ওপর আক্রমণে জড়িত জঙ্গীরা অসমে পালিয়ে গেছে। অসম পুলিশ প্রশাসনের কাছে তাদের তালিকা চেয়ে পাঠানো হয়েছে।

অন্যদিকে, পহেলগাঁও-এ বেছে বেছে হিন্দুদের হত্যার পেছনে দেশে সাম্প্রদায়িক অস্থিরতা সৃষ্টির উদ্দেশ্য রয়েছে বলে, CPIM রাজ্য সম্পাদক **মহম্মদ সেলিম** মন্তব্য করেছেন। তিনি আজ মুর্শিদাবাদের বহরমপুরে দলীয় কর্মসূচীর অবসরে সাংবাদিকদের একথা বলেন-                ( বাইট- সেলিম )

কোচবিহারে আজ দলের পক্ষ থেকে প্রতিবাদ মিছিল বের করা হয়।

এদিকে, প্রবীণ কংগ্রেস নেতা **অধীর রঞ্জন** চৌধুরী আবারো অভিযোগ করেছেন, এই হামলার পেছনে শুধু পাকিস্তান নয়, চীন’ও রয়েছে। চক্রান্তের বিরুদ্ধে সকলকে একজোট হতে হবে বলেও তিনি মন্তব্য করেন।

( বাইট- অধীর )

জঙ্গী হামলার প্রতিবাদে বর্ধমান **বার অ্যাসোসিয়েশন** আজ কর্ম বিরতি পালন করে। আদালত চত্বরে নিহতদের স্মৃতিতে দু-মিনিট নীরবতা পালন করেন আইনজীবিরা।

****************************

জম্মু কাশ্মীরের পহেলগাঁও-এ জঙ্গী হামলায় নিহত পুরুলিয়ার ঝালদার বাসিন্দা, মণীশরঞ্জন মিশ্রের দেহ আজ রাঁচী হয়ে তাঁর বাড়িতে নিয়ে আসা হয়। মৃতদেহ বাড়িতে পৌঁছতেই কান্নায় ভেঙে পড়েন পরিজনরা। এলাকার মানুষ’ও শেষ শ্রদ্ধা জানাতে ভিড় জমান সেখানে।

কেন্দ্রীয় মন্ত্রী, বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার, পুরুলিয়ার সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো প্রমুখ, বাঘমুন্ডি রোডে মনীষের বাড়িতে গিয়ে তাঁর প্রতি শ্রদ্ধা জানান। বুকে কালো রিবন বেঁধে হত্যাকান্ডের প্রতিবাদ জানান তাঁরা। জাতীয় পতাকা হাতে নিয়ে নিহত আধিকারিকের নামে স্লোগান দেওয়া হয়।

সন্ধ্যায় স্থানীয় শশ্মানে আজ তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়েছে।

আগেই জানানো হয়েছে, পহেলগাঁও-তে নিহত কলকাতার দুই বাঙালি পর্যটকের দেহ গতকালই রাজ্যে এসে পৌঁছয়। বেহালার সখেরবাজারের বাসিন্দা সমীর গুহ এবং বৈষ্ণবঘাটা পাটুলির বাসিন্দা বিতান অধিকারীর শেষকৃত্য গতকালই সম্পন্ন হয়েছে।

****************************

জম্মু কাশ্মীরের পহেলগাঁও-এ জঙ্গী হানার পর উত্তর ২৪ পরগণার দুটি পরিবারের প্রায় ১০ জন পর্যটক আটোকে পড়েছেন। এদের মধ্যে আছেন শিমুলতলা চামড়াকুঠি এলাকার মোদক পরিবারের পাঁচজন এবং বনগাঁ কলঘাট এলাকার সাধু পরিবারের পাঁচ সদস্য। মোদক পরিবার সূত্রে জানা গেছে, তাঁদের পরিজনদের সঙ্গে একবার ফোনে

যোগাযোগ করা গেলেও, তারপর থেকে আর যাচ্ছে না। তাঁরা রাস্তায় আটকে ছিলেন বলে সেই সময় জানা যায়। এই নিয়ে চরম উৎকণ্ঠায় পরিবারের অন্যরা।

অন্যদিকে, সাধু পরিবারের সদস্যরা ঘটনার একদিন আগেই পহেলগাঁও ঘুরে আসেন। তাঁরা বর্তমানে নিরাপদে আছেন। কতদিনে তাঁরা সুস্থ দেহে ঘরে ফিরবেন, সেই নিয়ে দিন গুণছেন তাঁদের আত্মীয়রা।

******************************

কাশ্মীরের উধমপুরে জঙ্গিদের সঙ্গে গুলির লড়াইয়ে শহীদ হয়েছেন, এরাজ্যের এক সেনা জওয়ান। নদিয়ার তেহট্ট থানার পাথরঘাটার বাসিন্দা ঝন্টু আলি শেখ নামে ওই জওয়ান, ৬ নম্বর প্যারাস্যুট রেজিমেন্টের বিশেষ বাহিনীর সদস্য ছিলেন। ২০০৮-এ তিনি সামরিক বাহিনীতে যোগ দেন। সেনা বাহিনীর হোয়াইট নাইট কোর-এর পক্ষ থেকে জানানো হয়েছে, জঙ্গিদের সঙ্গে গুলির লড়াই-এর সময় ঝন্টুর দেহে গুলি লাগে। ঘটনাস্থলেই প্রাণ হারান তিনি। হোয়াইট নাইট কোর-এর তরফে এক্স হ্যান্ডেলে এক বার্তায় জানানো হয়েছে, কর্তব্যে অবিচল থেকে সাহসিকতার সঙ্গে যেভাবে ওই জওয়ান যেভাবে লড়াই করেছেন, তা চিরস্মরণীয় হয়ে থাকবে।
ঝন্টু শেখের মৃত্যুর খবর তেহট্টের বাড়িতে আসতেই, কান্নায় ভেঙে পড়েন তাঁর বাবা। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ বিকেলে নিহত জওয়ানের পরিবারের সঙ্গে কথা বলেছেন। সবরকমভাবে তাদের সহযোগিতা ও পাশে থাকার আশ্বাস দিয়েছেন তিনি।

CPIM-এর এক প্রতিনিধি দল আজ ঝন্টু শেখের বাড়িতে গিয়ে তাঁর বাবা সবুর আলি শেখকে সমবেদনা জানান। দলে ছিলেন CPIM রাজ্য কমিটির সদস্য অলকেশ দাস প্রমুখ।
প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার'ও ঝন্টু শেখঅকে বাংলার বীর সন্তান বলে অভিহিত করেছেন। এক ভিডিও বার্তায় তিনি বলেছেন, এদেশের মানূষ ঐক্যবদ্ধভাবে সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে লড়াই করবে। কোনোভাবেই সন্ত্রাসবাদ বরদাস্ত করবে না।

******************************

আজ জাতীয় পঞ্চায়েতিরাজ দিবস। এবছর দিনটির মূল ভাবনা- Whole-of-Government বা "সম্পূর্ণ সরকার"। গ্রামোন্নয়ন, আবাসন ও নগরোন্নয়ন, পেট্রোলিয়াম

ও প্রাকৃতিক গ্যাস, বিদ্যুৎ, রেল এবং সড়ক পরিবহণ ও মহাসড়ক– এই ৬টি মন্ত্রকের সঙ্গে একযোগে এবছর জাতীয় পঞ্চায়েতিরাজ দিবস উদযাপন করা হচ্ছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ এই উপলক্ষে বিহারের মধুবনীতে একটি অনুষ্ঠানে ১৩ হাজার ৪৮০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করেন। তিনি বলেন, বিগত কয়েক বছরে পঞ্চায়েতগুলিকে আরও শক্তিশালী করতে পদক্ষেপ নিয়েছে সরকার। পঞ্চায়েতগুলিতে ইন্টারনেট ব্যবস্থা পৌঁছে গেছে। দেশজুড়ে তৈরি হয়েছে ৩ হাজার নতুন পঞ্চায়েত ভবন। প্রধানমন্ত্রী এই উপলক্ষে বিভিন্ন বিভাগে ২০২৫ সালের বিশেষ জাতীয় পঞ্চায়েত পুরস্কারও প্রদান করেন।

****************************

এবারের স্পটলাইটের বিষয়ঃ- 'প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা'র ১০ বছর।
অনুষ্ঠানে অংশ নিচ্ছেন 'ভারতীয় স্টেট ব্যাঙ্ক'-এর ডেপুটি জেনারেল ম্যানেজার আলোক জৈন, অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার অভিষেক কুমার এবং ম্যানেজার সচেত রায়।
অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত।

****************************

এ বছরের মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হবে আগামী দোসরা মে। মধ্যশিক্ষা পর্ষদ আজএক বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছে। ঐদিন সকাল ন'টায় সাংবাদিক সম্মেলন করে আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করবেন পর্ষদ সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় ।
সকাল ৯ টা ৪৫ মিনিট থেকে ওয়েবসাইট ও মোবাইল অ্যাপে ফলাফল জানা যাবে। যে সমস্ত ওয়েবসাইটে ফলাফল জানা যাবে সেগুলি হল - www.wbbsedata.com, www.indiaresults.com, www.results.siksha, fastresult.in, www.edutips.in। এছাড়াও wbbse-app এও রেজাল্ট জানা যাবে।

সকাল ১০ টা থেকে পর্ষদের বিভিন্ন ক্যাম্প অফিস থেকে মার্কশিট ও শংসাপত্র দেওয়া হবে স্কুলগুলিকে।

উল্লেখ্য এ বছরের মাধ্যমিক পরীক্ষা শুরু হয়েছিল গত ১০ ফেব্রুয়ারি। পরীক্ষা শেষ হয় ২২ ফেব্রুয়ারি।

****************************

স্কুল সার্ভিস কমিশনের ভুলেই যোগ্যদের তালিকা থেকে বেশ কয়েকজন শিক্ষকের নাম বাদ গেছে। আজ এসএসসির চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদারের সঙ্গে বৈঠকের পর যোগ্য শিক্ষক অধিকার মঞ্চের তরফে এ কথা জানিয়েছেন চিন্ময় মন্ডল। এসএসসি ১৫ হাজার ৪০৩ জন যোগ্য শিক্ষকের তালিকা পাঠিয়ে দিয়েছে। ওই তালিকায় বেশ কয়েকজন শিক্ষকের নাম নেই বলে অভিযোগ করেছেন যোগ্য শিক্ষকরা। এ ব্যাপারে আজ স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যানের সঙ্গে কথা বলেন চিন্ময়। তিনি দাবি করেন, এসএসসির ভুলেই নাম বাদ গেছে। এই ভুল সংশোধন করার আশ্বাস দিয়েছে কমিশন। যাদের নাম বাদ গেছে সেই সমস্ত যোগ্য শিক্ষকদের তথ্য খতিয়ে দেখে আবার ডি আই অফিসে তাদের নাম পাঠাবে কমিশন।

****************************

তীব্র গরমে কাজ করতে গিয়ে শ্রমিকরা যাতে অসুস্থ হয়ে না পড়েন সে জন্য বিশেষ ব্যবস্থা নিচ্ছে রাজ্য। কাজের সময় পরিবর্তন করার পরিকল্পনা চলছে। পর্যাপ্ত জল রাখা হচ্ছে কর্মস্থলে। কারখানার যে অংশে শ্রমিকরা নিয়মিত কাজ করেন, সেই জায়গা যাতে অতিরিক্ত গরম হয়ে না যায়, বায়ু চলাচল স্বাভাবিক থাকে সেই বিষয়ে সতর্ক দৃষ্টি রাখা হচ্ছে। নির্মাণ শ্রমিকদের হাতের কাছে রাখা হচ্ছে আইস প্যাক। কোনও শ্রমিক গরমে আচমকা আচমকা অসুস্থ হয়ে পড়লে যাতে প্রাথমিক চিকিৎসা করা যায়, তার সব সরঞ্জাম রাখা হচ্ছে হাতের কাছে। নির্মাণশিল্প ও ইটভাটার শ্রমিকদের প্রতিও বিশেষভাবে নজর রাখা হচ্ছে।

শ্রমমন্ত্রী মলয় ঘটক জানিয়েছেন, ‘গরমে কর্মক্ষেত্রে শ্রমিকদের সুস্থ রাখতে প্রয়োজনীয় সবরকম ব্যবস্থা নিচ্ছে রাজ্য।’ শুধু এ রাজ্যেই নয়, সম্প্রতি ভারতবর্ষের বহু জায়গায় শুরু হয়েছে তাপপ্রবাহ। আর সেই বিষয়ে সতর্ক করতে দেশের প্রতিটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছে কেন্দ্রীয় সরকার। হাসপাতালগুলিকে সতর্ক থাকতে বলা হয়েছে। হিট স্ট্রোকে আক্রান্ত হয়ে কেউ এলে দ্রুত চিকিৎসা শুরু করতে বলা হয়েছে।

****************************

শুষ্ক বায়ুর প্রভাবে দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় তাপপ্রবাহ চলছে। আজ ও আগামীকাল পশ্চিম বর্ধমান বাঁকুড়া ঝাড়গ্রাম এবং পশ্চিম মেদিনীপুর জেলায় জারি করা হয়েছে কমলা সতর্কতা। শনিবার পর্যন্ত ঘর্মাক্ত এবং অস্বস্তিকর আবহাওয়ার কোন পরিবর্তন হওয়ার সম্ভাবনা নেই বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৫ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে সামান্য কম।

****************************

মহামেডান স্পোর্টিং সুপার কাপ ফুটবল থেকে বিদায় নিয়েছে। ভুবনেশ্বর এর কলিঙ্গ স্টেডিয়ামে আজ বিকেলে রাউন্ড অফ সিক্সটিনের ম্যাচে যাবে মহামেডান স্পোর্টিং ৬-০ গোলে নর্থ ইস্ট ইউনাইটেড এর কাছে পরাজিত হয়ে টুর্নামেন্ট থেকে বিদায় নিয়েছে। নর্থ ইস্টের হয়ে আলাদিন আজারাই হ্যাট্রিক করেছেন। বাকি তিনটি গোল করেছেন গুলেরমো, নেস্টর ও জে এম এস।

****************************

এইমাত্র পাওয়া খবরে জানা গেলো, পহেলগাঁও-এ জঙ্গী হানাকে ‘ভারতের অন্তরাত্মার ওপর আঘাত’ বলে মন্তব্য করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারত প্রত্যেক সন্ত্রাসবাদী এবং সন্ত্রাসবাদে মদতদাতাদের খুঁজে বার করে শাস্তি দেবে।

*******************************************************************